মেহেরপুরে তিন দিনব্যাপী আম মেলার সমাপনী ও পুরস্কার বিতরণ

মেহেরপুর জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উদ্যোগে রফতানিযোগ্য আম উৎপাদন প্রকল্পের আওতায় তিন দিনব্যাপী আম মেলার সমাপনী অনুষ্ঠান ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার (২৩ জুন) বিকেলে মেহেরপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের খামারবাড়ি প্রাঙ্গণে এ সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক কৃষিবিদ সামছুল আলম।

সমাপনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের অতিরিক্ত উপ-পরিচালক শায়খুল ইসলাম, সদর উপজেলা কৃষি কর্মকর্তা মো. মনিরুজ্জামান, কৃষি প্রকৌশলী সুবল চন্দ্র মণ্ডল, উপ-সহকারী কৃষি কর্মকর্তা চায়না পারভিন, এআইও সাহাদুল ইসলাম এবং আম চাষি সাইদুর রহমান শাহীন প্রমুখ।

পরে আম মেলায় অংশগ্রহণকারী স্টল মালিকদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।

এতে প্রথম স্থান অর্জন করে এস. আর. এগ্রো-এর সাইদুর রহমান, দ্বিতীয় স্থান লাভ করে মুজিবনগর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এবং তৃতীয় হয় মেহেরপুর সদর উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর।

ঝিনাইদহে খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালার সমাপনী

ঝিনাইদহে ৫ দিন ব্যাপী খাদ্যভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শেষ হয়েছে। বৃহস্পতিবার বিকেলে ঝিনাইদহ শেখ কামাল

টেক্সটাইল ইঞ্জিনিয়ার কলেজে এ প্রশিক্ষণের সমাপনী অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)’র আয়োজনে ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণ কর্মশালায় অংশ নেয় ঝিনাইদহের বিভিন্ন সরকারি দপ্তরের ৩০ জন কর্মকর্তা।

সমাপনী দিনে কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করেন যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সহকারী অধ্যাপক ডা: তানভীর হাসান। সমাপনী দিনের অনুষ্ঠানে বারটান’র উর্দ্ধতন বৈজ্ঞানিক কর্মকর্তা সোনিয়ার শারমিন, সরকারী বৈজ্ঞানিক কর্মকর্তা বেলাল হোসেনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

গত ২৬ জানুয়ারি বারটানের নির্বাহী পরিচালক রেহেনা আকতার এ প্রশিক্ষণের উদ্বোধন করেন। ৫ দিন ব্যাপী এই প্রশিক্ষণে ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক, ড. আব্দুস সামাদ, ড. শফিকুল ইসলাম, ঝিনাইদহ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক ষষ্টী চন্দ্র রায়সহ প্রশিক্ষকরা খাদ্য, ফলিত পুষ্টি, নিরাপদ খাদ্য, মা ও শিশুদের যত্নসহ নানা বিষয়ে প্রশিক্ষণ প্রদাণ করেন।

আয়োজকরা জানায়, আগামী দিনে সরকারি বিভিন্ন অনুষ্ঠানে পুষ্টি সচেতনতা বিষয়ক এই বার্তা সাধারণ মানুষের মাঝে পৌঁছে দেওয়ায় এ প্রশিক্ষণের উদ্দেশ্যে।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী ও বেল্ট প্রদান

‘নারীদের আত্ম রক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী ও ২৬ তম বেল্ট প্রদান অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (৯ অক্টোবর) বিকালে উপ-শহর পাড়ার সোতোকান কারাতে দো’র প্রশিক্ষণ কেন্দ্রে এ প্রশিক্ষণের পরীক্ষা এবং বেল্ট

প্রদান করা হয়।

সোতোকান কারাতে দো’র প্রতিষ্ঠতা পরিচালক কাজী আলী আহাম্মেদ লিকু’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা পরিষদের প্রধান নির্বাহী কর্মকর্তা সেলিম রেজা।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সোতোকান কারাতে দো’র প্রথান উপদেষ্টা সাবেক অধ্যক্ষ মহাব্বত হোসেন টিপু, সহকারী অধ্যাপক শাহানুর আলম, প্রভাষক কাজী মোহাম্মদ আলী পিকু। অনুষ্ঠান পরিচালনা করেন সোতোকান কারাতে দো’র পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব।

আলোচনা সভা শেষে পরীক্ষায় উর্ত্তীণদেও মাঝে সনদপত্র ও বেল্ট প্রদান করা হয়। ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের অর্ধশত শিক্ষার্থীদের প্রশিক্ষণ প্রদাণ কারানো হয়। প্রশিক্ষণ প্রদান করেণ জাতীয় কারাতে প্রশিক্ষক মুহাম্মদ জসিম উদ্দিন।

চুয়াডাঙ্গায় বিজ্ঞান ও প্রযুক্তি মেলার সমাপনী পুরস্কার বিতরণ অনুষ্ঠিত

বিজ্ঞান ও প্রযুক্তি, উদ্ভাবনেই সমৃদ্ধি’ প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় দুইদিনব্যাপী ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এর সমাপনী ও পুরষ্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর দুইটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সাহিত্য মঞ্চে এ মেলার সমাপনী ও পুরষ্কার বিতরণ করা হয়। সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন উপস্থিত থেকে শিক্ষার্থীদের হাতে পুরষ্কার তুলে দেন।

এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের কার্যালয়ের বিভিন্ন দপ্তরের

কর্মকর্তা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। মেলায় মাধ্যমিক পর্যায়ে ও কলেজ পর্যায়ে ২৫টি প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি যাদুঘরের তত্ত্বাবধানে ও বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এ মেলা অনুষ্ঠিত হয়।

সমাপনী অনুষ্ঠানে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক(শিক্ষা ও আইসিটি) কবীর হোসেন বলেন, আমি আশাবাদী, আমাদের তরুণ প্রজন্ম সঠিকভাবে এগোচ্ছে। পৃথিবীর সকল উন্নত জাতি শিক্ষিত। এখন প্রযুক্তির যুগ। বিজ্ঞানের যুগ। এখন অ্যাডভান্স টেকনোলজি ব্যবহার হবে। বিজ্ঞান এবং প্রযুক্তি জীবনের জন্য গুরুত্বপূর্ণ। তথ্য প্রযুক্তির যুগে সবকিছুই হাতের মুঠোয়। মোবাইলে অনেকে আসক্ত হয়ে গেছে। কেউ কেউ মোবাইলে বাইরের দেশের ভাষা শিখছে। আবার কেউ কেউ টিকটকে আসক্ত। নির্ভর করে, আপনার ব্যবহার কেমন হবে। ভালো কাজে ব্যবহার করলে সাফল্য আসবে। আজকের প্রতিপাদ্যে সৌর বিদ্যুত আছে। সারাবিশ্ব এখন ঝুকছে নবায়নযোগ্য শক্তির দিকে। ভালোভাবে পড়াশোনা করতে হবে। নিজেদের প্রয়োজনে বিজ্ঞান শিখতে হবে। বিজ্ঞান ছাড়া মুক্তির উপায় নেই। তিনি বলেন, চুয়াডাঙ্গা চরভাবাপন্ন একটি জেলা। এই জেলায় বেশি বেশি গাছ লাগাতে হবে। আমরা সবুজে ভরে দিতে চাই এই জেলাকে। বিদ্যুতের অপচয় বন্ধ করতে হবে। মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষিত স্মার্ট বাংলাদেশের চারটি ভিত্তি। কোনো কিছুই জীবনে বাধা হতে পারে না। যদি ইচ্ছা থাকে। আমরা স্টিফেন হকিং বিজ্ঞানির কথা জানি। অদম্য ইচ্ছা থাকলে কোনো বাধায় বাধা হয়ে দাঁড়াতে পারে না।

দুইদিনব্যাপী ৪৫ তম জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি সপ্তাহ এবং বিজ্ঞান মেলা ও ৮ম বিজ্ঞান অলিম্পিয়াড-২০২৪ এ স্টল মূল্যায়নে জুনিয়র গ্রুপ থেকে প্রথম স্থান অধিকার করে ফাষ্ট মাল্টিমিডিয়া মডেল স্কুল, দ্বিতীয় স্থান অধিকার করে আলমডাঙ্গা একাডেমি এবং তৃতীয় স্থান অধিকার করে দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুল।

সিনিয়র গ্রুপ থেকে প্রথম স্থান অধিকার করে চুয়াডাঙ্গা সরকারি কলেজ, দ্বিতীয় স্থান অধিকার করে আলমডাঙ্গা সরকারি কলেজ, এবং তৃতীয় স্থান অধিকারকারী জীবননগর ডিগ্রী কলেজ।

এ সময় বিজ্ঞান অলিম্পিয়াড জুনিয়ার গ্রুপ থেকে প্রথম স্থান অধিকার করে শাপলাকলি আদর্শ মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী সাকিব হাসান বিদ্যুৎ, দ্বিতীয় স্থান অধিকার করে শাপলাকলি আদর্শ মাধ্যমিক

বিদ্যালয়ের শিক্ষার্থী সাজিদ এবং তৃতীয় স্থান অধিকার করে ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ের শিক্ষার্থী রোহানুল হক মুন্সি। সিনিয়র গ্রুপ থেকে আলমডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থী মাহফুজ আহমেদ, চুয়াডাঙ্গা সরকারি কলেজের শিক্ষার্থী মাহফুজুর রহমান, দর্শনা সরকারি কলেজের শিক্ষার্থী জান্নাতুল ফেরদৌস। অষ্টম বিজ্ঞান কুইজ প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকার করে নাবিল, মজিদ ও বিদ্যুৎ, দ্বিতীয় স্থান অধিকার করে মুনিয়া, ইউসুফ ও অংকন এবং তৃতীয় স্থান অধিকার করে মিজবাহ হোসেন।

এ সময় আরও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ প্রফেসর সিদ্দিকুর রহমান, চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সিনিয়র সহকারী কমিশনার শেখ রাসেল, জেলা প্রশাসন কার্যালয়ের সিনিয়র সহকারী কমিশনার সাহিদুল আলম, সিনিয়র সহকারী কমিশনার শেখ সাদাত হোসেন,জেলা প্রশাসনের নেজারাত ডেপুটি কালেক্টর সাইফুল ইসলাম সাইফ,সহকারী কমিশনার নাইমা জাহান সুমাইয়া, সহকারী কমিশনার আব্দুর রহমান সহ জেলা প্রশাসনের অন্যান্য কর্মকর্তা ও বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক এবং শিক্ষার্থী উপস্থিত ছিলেন।

ঝিনাইদহে তিনদিন ব্যাপী নাইট ফুটবল টুর্নামেন্টের সমাপনী

ঝিনাইদহে তিনদিন ব্যাপী মিনিবার নাইট ফুটবল টুর্নামেন্টের সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। অনলাইন ভিত্তিক বর্তমান ঝিনাইদহ টিভির আয়োজনে ঝিনাইদহের ওয়াজির আলী স্কুল এন্ড কলেজ মাঠে অনুষ্ঠিত এই টুর্নামেন্ট গতকাল শুক্রবার রাত সাড়ে ১১টায় পুরুস্কার বিতরণীর মধ্যদিয়ে সমাপ্তি হয়।

গত বুধবার সন্ধ্যার পরে এই খেলার উদ্বোধন ঘোষণা করা হয়। শহর এবং বিভিন্ন উপজেলার ১৬টি দল এই মিনিবার টুর্নামেন্টে অংশগ্রহন করে। প্রতিদিন রাত ২টা পযর্ন্ত হাজার হাজার দর্শক এই খেলা উপভোগ করেন। উদ্বোধনী দিনে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা

শহীন উদ্দীন, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহম্মেদ, জেলা রিপোর্টার ইউনিটের সভাপতি এম এ কাবিরসহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ।

তিব্র প্রতিযোগীতাপুর্ণ এই মিনি বার নাইট ফুটবল টুর্নামেন্টে দুধসর ফুটবল একাদশ, শৈলকুপা, চ্যাম্পিয়ন এবং ঝন্টু ফুটবল একাডেমি রানার্সআপ হওয়ার গৌরব অর্জণ করে। খেলায় চ্যাম্পিয়ন দলকে ২০হাজার টাকা এবং রানার্সআপ দল কে ১০ হাজার টাকা প্রাইজমানি উপহার দেওয়া হয়।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহম্মেদ, সাবেক সাধারণ সম্পাদক এটিএন বাংলার জেলা প্রতিনিধি নিজাম জেয়ারদার বাবলু, কাঞ্চন নগর স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ প্রদিপ কুমার বিশ্বাস, রিপোটার্স ইউনিটের সভাপতি এম এ কবির, ঝিনাইদহ প্রেসক্লাবের সহ সাধারণ সম্পাদক জহিরুল ইসলাম হিরো, দপ্তর সম্পাদক শাহানুর আলম, ডিএসবির ওসি (অপারেশন) কামরুজ্জামন, বর্তমান ঝিনাইদহ টিভির প্রকাশক মুলতাজম রহমান সাজন, উপদেষ্টা জাকির হোসেন, প্রেসক্লাবের নির্বাহী কমিটির সদস্য আমিনুল ইসলাম লিটন, বাংলাদেশ বেতারের কোরবান আলী, প্রেসক্লাবের সাংস্কৃতিক সম্পাদক রোকনুজ্জামান মিলন, সাহিত্য সম্পাদক মেহেদী হাসান জিকু, সাংবাদিক জাফর উদ্দীন রাজু প্রমুখ।

অনুষ্ঠানের সাবির্ক ব্যবস্থাপনায় ছিলেন বর্তমান ঝিনাইদহ টিভির চেয়ারম্যান ও ঝিনাইদহ প্রেসক্লাবের সহ সভাপতি সুলতান আল একরাম।

ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণের সমাপনী

‘নারীদের আত্মরক্ষার্থে কারাতে হোক অন্যতম হাতিয়ার’ এ শ্লোগানকে সামনে নিয়ে ঝিনাইদহে ২ দিন ব্যাপী কারাতে প্রশিক্ষণ শুরু হয়।

গতকাল বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব মিলনায়তনে সোতোকান

কারাতে দো ঝিনাইদহ’র উদ্যোগে এ প্রশিক্ষণ শুরু হয়ে আজ শুক্রবার বিকালে বেল্ট প্রদানের মধ্যদিয়ে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা কর হয়।

সোতোকান কারাতে দো’র পরিচালক কাজী আলী আহম্মেদ লিকুর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিন।

বিশেষ অতিথি ছিলেন জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, ক্রীড়া সংগঠক জয়নাল আবেদীন, সোতোকান কারাতে দো’র পরিচালক মাহফুজুর রহমান বিপ্লব। ২ দিন ব্যাপী এই প্রশিক্ষণে শহরের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ৩৫ জন শিক্ষার্থীকে আত্মরক্ষার নানা কৌশল শেখান জাতীয় কারাতে প্রশিক্ষক জসিম উদ্দিনসহ স্থানীয় প্রশিক্ষকবৃন্দ।

প্রশিক্ষণ শেষে শুক্রবার বিকালে পরীক্ষার মাধ্যমে ৩৫ জন প্রশিক্ষনার্থীকে বিভিন্ন প্রকার বেল্ট প্রদান করা হয়। এ প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীরা নিজেদের রক্ষার পাশাপাশি আত্মনির্ভরশীল হয়ে উঠবে বলে আশা করেন অতিথি ও আয়োজকরা।

গাংনীর কুতুবপুর স্কুল এন্ড কলেজে আন্তঃস্কুল পুরস্কার বিতরণ অনুষ্ঠান

মেহেরপুরের গাংনী উপজেলার কুতুবপুর স্কুল এন্ড কলেজে শেখ কামাল আন্তঃস্কুল ও মাদ্রাসা অ্যাটলেটিক প্রতিযোগিতার সমাপনী ও পুরস্কার বিতরণ করা হয়েছে।

আজ সোমবার দিনব্যাপি খেলাধুলা শেষে বিকেল ৩টার সময় পুরুস্কার বিতরণ করেন।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোহাম্মদ মিজানুর রহমান রানা সভাপতি কুতুবপুর স্কুল এন্ড কলেজ ও চেয়ারম্যান ১ নং

ইউনিয়ন পরিষদ সভাপতিত্ব করেন মোঃ হাফিজুল ইসলাম অধ্যক্ষ ভারপ্রাপ্ত কুতুবপুর স্কুল এন্ড কলেজ।

এ সময় উপস্থিত ছিলেন ধলা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আনোয়ার হোসেন,গাড়াবাড়ীয়া নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক সহ কুতুবপুর স্কুল এন্ড কলেজের গভর্নিং বডির সদস্য ও ২ নং ওয়ার্ডের মেম্বর জিনারুল ইসলাম, কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান, সহকারী শিক্ষক, আক্তারুজ্জামান লাভলু, জয়নাল আবেদীন প্রমুখ।

শেখ কামাল আন্ত স্কুল ও মাদ্রাসা অ্যাথলেটিক প্রতিযোগিতা খেলায় কাথুলী ইউনিয়নের বিভিন্ন মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র ছাত্রীরা অংশ গ্রহন করেন। খেলা সহ দেশত্ববোধক গানের সাথে নিত্য করেন স্কুলের ছাত্রীরা।

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে প্রশিক্ষণের সমাপনী

ঝিনাইদহে দুইদিন ব্যাপি সোতোকান কারাতে দো’’র প্রশিক্ষণ কর্মশালা ও ২৩তম বেল্ট টেস্ট অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করা হয়েছে।

রবিবার (২৫ সেপ্টেম্বর) সকাল সাড়ে ১০টায় এ কর্মশালা শুরু হয়ে সোমাবার বিকাল ৪টায় বেল্ট প্রদানের মাধ্যমে প্রশিক্ষণের সমাপ্তি ঘোষণা করা হয়।

সমাপনি অনুষ্ঠানে সোতোকান কারাতেদো ঝিনাইদহের পরিচালক কাজী আলী আহম্মদ লিকুর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন। বিশেষ অতিথি হিসেবে ঝিনাইদহ প্রেসক্লাবের সভাপতি এম রায়হান, জেলা ক্রীড়া কর্মকর্তা

মাহবুবুর রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাসলিমা বেগম, ঝিনাইদহ প্রেসক্লাবের আইসিটি বিষয়ক সম্পাদক শাহানুর আলম, সোতোকান কারাতে দো ঝিনাইদহ’র সহকারি পরিচালক মাহবুবুর রহমান বিপ্লব উপস্থিত ছিলেন। দুইদিন ব্যাপি এই প্রমিক্ষণ এবং বেল্ট টেস্ট কর্মশালার বিচারক হিসেবে ছিলেন জাতীয় কারাতের প্রশিক্ষক মুহাম্মাদ জসিম উদ্দিন ব্লাক বেল্ট ৫ম ডান।

রবিবার ও সোমবার দুইদিন ব্যাপি এই সেমিনারে কারাতের বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ প্রদান ও বেল্ট টেস্টের মাধ্যমে ২৭জন প্রক্ষিণার্থীর মধ্যে উর্ত্তীর্ণ ২৬জন কে সনদ ও বেল্ট প্রদান করা হয়।

চুয়াডাঙ্গায় বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষরোপন সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত

“বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এই প্রতিপাদ্যে চুয়াডাঙ্গায় সপ্তাহব্যাপী বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষমেলার সমাপনী ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে।

চুয়াডাঙ্গা সদর উপজেলা পরিষদে বুধবার বেলা সাড়ে বারোটার সময় চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন এর সভাপতিত্বে উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, জেলা প্রশাসন ও সামাজিক বনবিভাগের যৌথ উদ্যোগে এবারের বৃক্ষমেলায় সকলের অংশগ্রহণ সত্যি প্রশংসনীয়। এবারের মেলায় ছাত্রছাত্রী, মহিলা, শিশু এবং সকলের অংশগ্রহণ মেলা সফল ও স্বার্থকতায় পরিপূর্ণতায় রুপ দিয়েছে।

দীর্ঘ করোনাকালীন প্রায় ৩ বছর বৃক্ষমেলা বন্ধ থাকায় এবারের

মেলায় পর্যাপ্ত চারা বিক্রি হয়েছে। মেলা সফল ও স্বার্থকতায় রুপ দেওয়ায় তিনি বনবিভাগের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। সমাপনী অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সাজিয়া আফরিন বলেন, বৃক্ষপ্রাণে প্রকৃতি-প্রতিবেশ, আগামী প্রজন্মের টেকসই বাংলাদেশ” এ শ্লোগানকে সামনে রেখে চুয়াডাঙ্গা জেলা প্রশাসন ও সামাজিক বন বিভাগের যৌথ উদ্যোগে বৃক্ষরোপন অভিযান ও বৃক্ষ মেলা আজকে সম্পন্ন হয়েছে।

মেলার শুরু থেকে শেষ পর্যন্ত সকলে সহযোগিতা করায় সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি। উক্ত সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (প্রশাসন ও অর্থ) আবু তারেক, চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপ-পরিচালক বিভাস চন্দ্র সাহা, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ চুয়াডাঙ্গা সামাজিক বনবিভাগের কর্মকর্তা বৃন্দ ও উক্ত মেলায় অংশগ্রহণকারী বিভিন্ন স্থান থেকে আগত নার্সারির মালিকবৃন্দ। উক্ত সমাপনী অনুষ্ঠানে সকল স্টল মালিকদের হাতে ক্রেষ্ট পুরষ্কার বিতরণ করা হয়।